

আল-ওয়াকিয়া | Al-Waqi'a | الْوَاقِعَةُ

আয়াতঃ ৫৬ : ৯

আরবি মূল আয়াত:

وَأَصْحَابُ الْمَشْأَمَةِ مَا أَصْحَابُ الْمَشْأَمَةِ ﴿٩﴾

অনুবাদসমূহ:

আর বাম পার্শ্বের দল, বাম পার্শ্বের দলটি কত হতভাগ্য! — আল-বায়ান

আর বাম দিকের একটি দল; কত দুর্ভাগ্য বাম দিকের দলটি। — তাইসিরুল

এবং বাম দিকের দল! কত হতভাগ্য বাম দিকের দল! — মুজিবুর রহমান

And the companions of the left - what are the companions of the left? — Sahih International

৯. এবং বাম দিকের দল; আর বাম দিকের দলটি কত হতভাগ্য!(১)

(১) মূল ইবারতে (أَصْحَابُ الْمَشْأَمَةِ) শব্দ ব্যবহৃত হয়েছে। শব্দটির উৎপত্তি হয়েছে শব্দ থেকে। এর অর্থ, দুর্ভাগ্য, কুলক্ষণ, অশুভ লক্ষণ। আরবী ভাষায় বাঁ হাতকেও *শুমা* বলা হয়। অতএব (أَصْحَابُ الْمَشْأَمَةِ) অর্থ দুর্ভাগ্য লোক অথবা এমন লোক যারা আল্লাহর কাছে লাঞ্ছনার শিকার হবে এবং আল্লাহর দরবারে তাদেরকে বা দিকে দাঁড় করানো হবে। অথবা আমলনামা বাঁ হাতে দেয়া হবে। [কুরতুবী]

তাকসীরে জাকারিয়া

(৯) আর বাম হাত-ওয়ালারা; কত হতভাগ্য বাম হাত-ওয়ালারা![1]

[1] এ থেকে বুঝানো হয়েছে কাফেরদেরকে যাদেরকে তাদের আমলনামা বাম হাতে ধরানো হবে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4988>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন